# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৪৪৫

তারিখ: ২৮/০১/১৯

**বিষয়: ভর্তি ফি বাবদ অতিরিক্ত আদায়কৃত অর্থ ফেরত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: অধ্যক্ষের ২৩/০১/২০১৯ তারিখের জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "কাকলী স্কুল এন্ড কলেজ"-এ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২০১৯ সালের 'বেসরকারি স্কুল-স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা' লঙ্ঘণ করে শিক্ষার্থীদের কাছ থেকে নতুন ভর্তির ক্ষেত্রে ৩৪,০০০/- টাকা এবং পূন:ভর্তির ক্ষেত্রে ১৫,৪০০/- টাকা আদায় করা হয়েছে মর্মে তদন্তে প্রতিয়মান হয়েছে।

এমতাবস্থায় ভর্তি নীতিমালার অনুচ্ছেদ-১১.৩ এ উল্লেখিত সরকার কর্তৃক নির্ধারিত ভর্তি ফি **(বাংলা ভার্সন- সর্বোচ্চ ৮,০০০/- টাকা, ইংরেজি ভার্সন- সর্বোচ্চ ১০,০০০/- টাকা)** এর চেয়ে অতিরিক্ত আদায়কৃত অর্থ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে শিক্ষার্থী/অভিভাবকদের ফেরত প্রদান করত: নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে,

(স্বাক্ষর) ২৮.০১.১৯

**প্রফেসর ড.মো: হারুন-অর-রশিদ**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

অধ্যক্ষ
কাকলী স্কুল এন্ড কলেজ
১৭৯, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

মেমো নং- ৪৪৫ (৪)

তারিখ: ২৮/০১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। সভাপতি, গভর্ণিংবডি, কাকলী স্কুল এন্ড কলেজ, ১৭৯, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
৩। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। অফিস কপি।

(স্বাক্ষর) ২৮.০১.১৯

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

**সংযুক্তি: ২০১৯ সালের 'বেসরকারি স্কুল-স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা'।**

